

সাজেক ভ্রমণে নিরুৎসাহিত : তদন্ত কমিটি গঠন

- A Monitor Desk Report

Date: 25 February, 2025



রাঙামাটি : মেঘের রাজ্য সাজেক ভ্যালিতে ভয়াবহ অগ্নিকাণ্ডে রিসোর্ট, কটেজ, রেন্টোরীর ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এ কারণে আজ মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) থেকে পর্যটকদের সাজেক ভ্রমণে নিরুৎসাহিত করেছে রাঙামাটি জেলা প্রশাসন।

এদিকে, পর্যটনকেন্দ্রে অগ্নিকাণ্ডের ঘটনায় পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে জেলা প্রশাসন। সোমবার (২৪ ফেব্রুয়ারি) রাতে রাঙামাটির জেলা প্রশাসক মোহাম্মদ হাবিব উল্লাহ স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়েছে।

সোমবার (২৪ ফেব্রুয়ারি) রাতে রাঙামাটির অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট পাঠান মো. সাইদুজ্জামান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই ঘোষণা দেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, রাঙামাটি পার্বত্য জেলার বাঘাইছড়ি উপজেলার সাজেক পর্যটন এলাকায় ভয়াবহ অগ্নিকাণ্ড সংঘটিত হওয়ায় পর্যটকদের নিরাপত্তার বিষয়টি বিবেচনা করে মঙ্গলবার থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সাজেক পর্যটন কেন্দ্রে পর্যটকদের ভ্রমণ নিরুৎসাহিত করা হলো।

সোমবার (২৪ ফেব্রুয়ারি) দুপুরে পৌনে ১টার দিকে ইকো ভ্যালি রিসোর্ট থেকে সাজেক ভ্যালিতে ভয়াবহ আগুনের সূত্রপাত হয়। এতে প্রায় ৯০-৯৫টির বেশি রিসোর্ট-কটেজ, দোকান ও বসতঘর পুড়ে গেছে। এতে কমবেশি সব ব্যবসায়ী ক্ষতিগ্রস্ত হয়েছেন। প্রায় পাঁচ ঘণ্টা চেষ্টার পর ফায়ার সার্ভিস ও সেনাবাহিনী সন্ধ্যা ৬টার দিকে আগুনে নিয়ন্ত্রণে আনে।